ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২ ১৬৮
আগরতলা,৬ আগস্ট,২০২৫

**লোকনাথ মন্দিরে পাঠ্যপুস্তক প্রদান অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী**
**রাজ্য সরকারের লক্ষ্য হলো গুণগত শিক্ষার প্রসার**

বর্তমান প্রজন্মকে যদি প্রকৃত শিক্ষায় শিক্ষিত না করা যায় তাহলে সুন্দর সমাজ গড়া যাবে না। প্রকৃত শিক্ষার মাধ্যমেই অজ্ঞানতা থেকে জ্ঞান অর্জন করে জ্ঞানী হওয়া যায়। আর প্রকৃত শিক্ষার প্রথম শিক্ষক হলেন মা। পুঁথিগত শিক্ষার পাশাপাশি সমাজের অন্যদের সেবা ও সাহায্য করার মানসিকতা তৈরি করতে হবে আজকের প্রজন্মের ছেলেমেয়েদের মধ্যে। আজ আগরতলার বাবা লোকনাথ মন্দিরে বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের পাঠ্যপুস্তক প্রদান অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী আনুষ্ঠানিকভাবে দশ জন ছাত্রছাত্রীর হাতে পাঠ্যপুস্তক তুলে দেন। বাবা লোকনাথ সেবাশ্রম সংস্থার পক্ষ থেকে টি.বি.এস.ই. ও সি.বি.এস.ই. পরিচালিত ১৯টি বিদ্যালয়ের একাদশ শ্রেণির মোট ৯৫ জন ছাত্রছাত্রীকে পাঠ্যপুস্তক প্রদান করা হয়।

মুখ্যমন্ত্রী বলেন, শিক্ষার প্রসারে রাজ্য সরকার রাজ্যের প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের পরিকাঠামো এবং শিক্ষার মান উন্নয়নের লক্ষ্যে কাজ করছে। রাজ্য সরকারের লক্ষ্য হলো গুণগত শিক্ষার প্রসার। গুণগত শিক্ষার প্রসারে জাতীয় শিক্ষানীতি রাজ্যে চালু হয়েছে। উচ্চশিক্ষার প্রসারেও ত্রিপুরা বর্তমানে অনেকটা এগিয়ে গেছে। রাজ্যে সেন্ট্রাল ইউনিভার্সিটি, ন্যাশনাল ল কলেজ হয়েছে, এম.বি.বি.এস.-এর সিট বেড়ে হয়েছে ৪০০টি, বি.এস.সি. নার্সিং কোর্সের সিট বেড়ে হয়েছে ৫০টি, চালু হয়েছে ডেন্টাল কলেজ। উচ্চশিক্ষা প্রসারে নেওয়া হবে আরও উদ্যোগ। শিক্ষার পাশাপাশি সঠিক জ্ঞান অর্জন করে ত্রিপুরার নামকে আন্তর্জাতিক স্তরে নিয়ে যাওয়ার মানসিকতা তৈরি করার জন্য তিনি ছাত্রছাত্রীদের প্রতি আহ্বান জানিয়েছেন।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন মহিলা মহাবিদ্যালয়ের অধ্যক্ষা শর্বরী নাথ ও অনুষ্ঠানের সভাপতি বাবা লোকনাথ সেবাশ্রম সংস্থার সভাপতি সঞ্জয় পাল। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আগরতলা পুরনিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, স্বাগত বক্তব্য রাখেন বাবা লোকনাথ সেবাশ্রম সংস্থার সম্পাদক অমূল্য ভট্টাচার্য। উপস্থিত ছিলেন আগরতলা পুরনিগমের কর্পোরেটর রত্না দত্ত।

*****